

# 🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৩৪

আরবী

১/ বিবিধ

حرس ليلة في سبيل الله أفضل من سيام رجل وقيامه في أهله ألف سنة، السنة ثلاثمائة وستون يوما، واليوم كألف سنة

موضوع

رواه ابن ماجه (2/176) والعقيلي في " الضعفاء " (149) وأبو يعلى في مسنده " (3/1060) وابن شاهين في " الترغيب في فضائل الأعمال " (ق 67/2) وابن شاهين في " الترغيب في فضائل الأعمال " (ق 67/2) وابن عساكر (7/112/1) عن سعيد بن خالد بن أبي الطويل قال: سمعت أنس بن مالك يقول: فذكره مرفوعا

قلت: وهذا سند ضعيف جدا بل موضوع، فإن سعيدا هذا اتهمه غير واحد فقال البخاري: فيه نظر

وقال أبو حاتم: لا يشبه حديثه حديث أهل الصدق

وقال الحاكم: روى عن أنس أحاديث موضوعة

قلت: وهذا منها، قال المنذري في " الترغيب " (2/154) : رواه ابن ماجه، ويشبه أن يكون موضوعا

وقال الذهبي بعد أن ساق له هذا الحديث: فهذه عبارة عجيبة لوصحت لكان مجموع ذلك الفضل ثلاثمائة ألف ألف سنة

قلت: وهو عند العقيلي دون قوله: " السنة ثلاثمائة.. ثم قال: لا يتابع عليه وقد روي من غير هذا الوجه بإسناد أصلح من هذا



قلت: كأنه يشير إلى حديث عثمان مرفوعا بلفظ: حرس ليلة في سبيل الله أفضل من ألف ليلة يقام ليلها ويصام نهارها

وإسناده كما قال: أصلح من هذا، لكنه ضعيف فيه مصعب بن ثابت قال الحافظ: لين الحديث

وهو مخرج في " التعليق الرغيب " (2/154)

#### বাংলা

১২৩৪। আল্লাহর রাস্তায় এক রাত পাহারাদারী করা কোন ব্যক্তির তার পরিবারের সাথে এক হাজার বছর সওম আদায় এবং রাত জেগে ইবাদাত করার চেয়েও উত্তম। বছর তিন শত ষাট দিনে আর একদিনের সময়ের পরিমাণ এক হাজার বছরের ন্যায়।

### হাদীসটি বানোয়াট।

হাদীসটি ইবনু মাজাহ্ (২৭৭০), ওকায়লী "আয-যুয়াফা" গ্রন্থে (১৪৯), আবূ ইয়ালা তার "মুসনাদ' গ্রন্থে (৩/১০৬০), ইবনু শাহীন "আত-তারগীব কী ফাযাইলিল আ'মাল" গ্রন্থে (কাফ ২/৬৭) ও ইবনু আসাকির (৭/১১২/১) সাঈদ ইবনু খালেদ ইবনে আবিত তুবীল হতে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ আমি আনাস ইবনু মালেক (রাঃ)-কে বলতে শুনেছিঃ তিনি মারফু' হিসেবে হাদীসটি বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল, বরং বানোয়াট। কারণ সাঈদকে একাধিক মুহাদ্দিস মিথ্যা বর্ণনা করার দোষে দোষী করেছেন। ইমাম বুখারী তার সম্পর্কে বলেনঃ তার ব্যাপারে বিরূপ মন্তব্য রয়েছে।

আবু হাতিম বলেনঃ তার হাদীস সত্যবাদীদের হাদীসের সাথে সমঞ্জস্যপূর্ণ নয়। হাকিম বলেনঃ তিনি আনাস (রাঃ) হতে কতিপয় বানোয়াট হাদীস বর্ণনা করেন।

আমি (আলবানী) বলছিঃ এটি সেগুলোর অন্তর্ভুক্ত।

মুন্যেরী "আত-তারগীব" গ্রন্থে (২/১৫৪) বলেনঃ হাদীসটি ইবনু মাজাহ্ বর্ণনা করেছেন। এটি বানোয়াট হওয়ার সাথেই সাদৃশ্যপূর্ণ। হাফিয যাহাবী তার এ হাদীসটি উল্লেখ করার পর বলেনঃ এ ভাষাটি আজব ধরনের এক ভাষা, যদি সহীহ হতো তাহলে মোট ফাযীলাতের পরিমাণ দাঁড়াত তিন লাখ হাজার বছর।

হাদীসটি ওকায়লী এক বছর তিনশত ষাট দিনে আর একদিন এক হাজার বছরের ন্যায় এ অংশটুকু বাদে বর্ণনা করে বলেছেনঃ তার মুতাবা'য়াত করা হয়নি। অন্য সূত্রে এর চেয়ে ভাল সনদে বর্ণনা করা হয়েছে।

আমি (আলবানী) বলছিঃ সম্ভবত তিনি তার এ কথার দ্বারা উসমান (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণিত নিম্নের



### হাদীসকে বুঝিয়েছেনঃ

# حرس ليلة في سبيل الله أفضل من ألف ليلة يقام ليلها ويصام نهارها

"আল্লাহর রাস্তায় এক রাত পাহারাদারী করা এমন এক হাজার রাতের চেয়েও উত্তম যে রাতগুলো জেগে কিয়াম করা হয় এবং সেগুলোর দিনে সওম পালন করা হয়।"

এর সনদটি আলোচ্য হাদীসের সনদের চেয়ে ভালই বটে যেমনটি ওকায়লী বলেছেন। কিন্তু এটিও দুর্বল, কারণ এর সনদে মুস'য়াব ইবনু সাবেত নামের এক বর্ণনাকারী রয়েছেন তার সম্পর্কে হাফিয ইবনু হাজার বলেনঃ তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল। "আততা'লীকুর রাগেব" গ্রন্থে (২/১৫৪) আমি এটির তাখরীজ করেছি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন